সমকাল

তারিখ 31 JUL 2016
পৃষ্ঠা ৩ কলাম ২



শনিবার বিশ্ব সাহিত্য কেন্দ্রের সেরা সংগঠকদের হাতে সম্মাননা পুরস্কার তুলে দেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ ও অন্য অতিথিরা ■ সমকাল

# বই পড়িয়ে পুরস্কার পেলেন ১৫৩ জন

■ সমকাল প্রতিবেদক

সম্মাননা পেলেন সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ) প্রকল্পের পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির ঢাকা বিভাগের সেরা সংগঠকরা। শিক্ষার্থীদের পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচিতে সংগঠকদের উৎসাহিত করতে এ সম্মাননা প্রদান করা হয়। গতকাল শনিবার বিশ্বসাহিত্য কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে কর্মসূচির ঢাকা বিভাগের ১৫৩ সংগঠককে পুরস্কৃত করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বিশেষ অতিথি ছিলেন বিশ্বসাহিত্য কেন্দ্রের সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, শিক্ষা সচিব সোহরাব হোসাইন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ড. এস এম ওয়াহিদুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সেকায়েপ প্রকল্পের পরিচালক ড. মাহমুদুল-উল-হক।

শিক্ষামন্ত্রী বলেন, স্বাধীনতার পরাজিত শক্তি এ দেশের অগ্রগতি, সমৃদ্ধি কখনও মেনে নিতে পারেনি। তারা শান্তির ধর্ম ইসলামের ভুল ব্যাখ্যা দিয়ে যুবসমাজকে বিভ্রান্ত ও বিপথগামী করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। সত্যিকারের জ্ঞানের আলোয় আলোকিত সমাজে কখনও জঙ্গিবাদ ঠাঁই পাবে না।

আবদুল্লাহ আবু সায়ীদ বলেন, যেসব শিক্ষার্থী ৮০টি বই পড়ে বেরোবে, তার দৃষ্টিভঙ্গি পরিবর্তন হবে। তার হৃদয় উন্নত হবে। নিজেকে ও দেশকে ভালোবাসতে শিখবে, পৃথিবীকে বড় করে দেখবে।